

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং - ৪৬.০২.০০০০.২১৩.৯৯.০০১.১৮- ০৪৭৪


তারিখ: ২২.০৫.২০২০ ইং।

অফিস আদেশ

সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও করোনা ভাইরাস সংক্রমিত হওয়ায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন প্রকল্পের সম্পাদিত কাজের গুণগতমান নিয়ন্ত্রণে স্থানীয় সরকার মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনার মোতাবেক নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে :

- ১। শারীরিক ও সামাজিক দূরত্ব রক্ষা করে প্রকল্পসমূহের কাজের ল্যাবরেটরী টেস্ট সম্পাদন করতে হবে;
- ২। প্রকল্পসমূহের কাজের ল্যাবরেটরী টেস্ট সম্পাদন করার সময় যে সকল লোক কাজ করবে তারা শারীরিকভাবে সুস্থ কি-না তা নির্ণয়ের জন্য তাদের দেহের তাপমাত্রা পরীক্ষা করতে হবে;
- ৩। পিকআপে করে টেস্ট সম্পাদন যন্ত্রপাতি পরিবহনের সময় পিকআপের সামনে মান নিয়ন্ত্রণ কাজে নিয়োজিত এলজিইডি'র ব্যানার থাকতে হবে;
- ৪। প্রকল্পসমূহের কাজের ল্যাবরেটরী টেস্ট সম্পাদন করার সময় ল্যাব সহকারীদের এলজিইডি'র নামাঙ্কিত পোশাক পরিধান করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী মাস্ক, হ্যান্ডগ্লাভস্, গামবুট, হেলমেট ব্যবহার করতে হবে;
- ৫। প্রকল্পসমূহের কাজের ল্যাবরেটরী টেস্ট সম্পাদন করার সময় যে সকল লোক কাজ করবে তাদের জন্য সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী হ্যান্ড স্যানিটাইজারের সরবরাহ নিশ্চিত করতে হবে;
- ৬। প্রকল্প এলাকায় ল্যাবরেটরী টেস্ট সম্পাদন যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে এবং মান নিয়ন্ত্রণের জন্য যে সকল ল্যাবরেটরী যন্ত্রপাতি ব্যবহৃত হবে তা প্রয়োজন অনুযায়ী জীবাণুমুক্ত করতে হবে;
- ৭। উল্লেখিত নির্দেশনা যথাযথ অনুসরণ করা হচ্ছে কি-না তা মাঠ পর্যায়ে তদারকির জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঞ্চল) দায়িত্ব প্রদান করা হল এবং তিনি অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিভাগ) কে অবহিতকরণ পূর্বক ১৫ দিন পর পর নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রতিবেদন দাখিল করবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২২.০৫.২০২০
(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ইমেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ

- (১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী বিভাগ, এলজিইডি, জেলাঃ.....।
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী..... অঞ্চল, এলজিইডি, জেলাঃ.....।
- (৫) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ.....।
- (৬) সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।